# নির্বাচনে মোতায়েন থাকছে সাড়ে ৫ লাখ আনসার–ভিডিপি: স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ঘিরে সারাদেশের ৪২ হাজার ৭৬৬টি ভোটকেন্দ্রে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে। স্বরাষ্ট্র উপদেষ্টা জাহাঙ্গীর আলম জানিয়েছেন, প্রতিটি কেন্দ্রে ১৩ জন করে মোট ৫ লাখ ৫৫ হাজার ৯৫৮ জন আনসার ও ভিডিপি সদস্য দায়িত্ব পালন করবেন।

সোমবার (১২ জানুয়ারি) গাজীপুরের আনসার ও ভিডিপি একাডেমির ইয়াদ আলী প্যারেড গ্রাউন্ডে সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠানে তিনি এসব তথ্য তুলে ধরেন।

তিনি বলেন, প্রতিটি কেন্দ্রে থাকা ১৩ জনের মধ্যে ৩ জন থাকবেন অস্ত্রধারী, ৬ জন অস্ত্রবিহীন পুরুষ এবং ৪ জন অস্ত্রবিহীন নারী সদস্য। অতিরিক্ত নিরাপত্তার অংশ হিসেবে এই তিনজন অস্ত্রধারীর একজন প্রিজাইডিং অফিসারের সঙ্গে সার্বক্ষণিকভাবে দায়িত্ব পালন করবেন। পাশাপাশি দেশজুড়ে এক হাজার ১৯১টি আনসার ব্যাটালিয়ন স্ট্রাইকিং ফোর্স টিম প্রস্তুত থাকবে।

উপদেষ্টা আরও বলেন, নির্বাচনকে প্রভাবিত করতে পারে এমন কোনো ধরনের অনৈতিকতা, পক্ষপাত বা দায়িত্ববহির্ভূত আচরণ থেকে সদস্যদের কঠোরভাবে দূরে থাকতে হবে।

নবীন সদস্যদের উদ্দেশে তিনি বলেন, দেশের ইতিহাস, মানুষের আত্মত্যাগ ও ভবিষ্যৎ প্রজন্মের আশা-আকাঙ্ক্ষা মনে রেখে কাজ করতে হবে। জনগণের কাছে জবাবদিহি নিশ্চিত করা, আইনের শাসন রক্ষা করা এবং দুর্নীতি ও পক্ষপাতের বিরুদ্ধে অবস্থান নেওয়ার মধ্য দিয়েই নতুন বাংলাদেশের পথে এগোতে হবে।

অনুষ্ঠানে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মহাপরিচালক মেজর জেনারেল আবদুল মোতালেব সাজ্জাদ মাহমুদসহ ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।